ECHO OF HIS CALL

BENGALI

আহ্বানের প্রতিধ্বনি

₹ 10/-

India's National Spiritual Newspaper

16 Languages

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Hon. Editor-in-Chief: REV. DR. ANGELINE SELVAKUMARI HENRY

Associate Editor: Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol. XXVIII YEAR OF OUR LORD JESUS CHRIST, 2026 NOVEMBER No 10

পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

গীতসংহিতা ৪৬: ১-৭

১। ঈশ্বর আমাদের পক্ষে আশ্রয় ও বল। তিনি সঙ্কটকালে অতি সুপ্রাপ্য সহায়!

২। অতএব আমরা ভয় করিব না—যদ্যপি পৃথিবী পরিবর্ত্তিত হয়, যদ্যপি পর্ব্বতগণ টলিয়া সমুদ্রের গর্ভে পড়ে।

৩। তাহার জল গর্জ্জন করুক, উচ্চগু হউক, তাহার আস্ফালনে পর্ব্বতগণ কম্পিত হউক।

৪। এক নদী আছে তাহার প্রণালী সকল ঈশ্বরের নগরকে, পরাৎপরের আবাসে পবিত্র স্থানকে আনন্দিত করে।

৫। ঈশ্বর তাহার মধ্যবর্তী, তাহা বিচলিত হইবে না; প্রভাতেই ঈশ্বর তাহার সাহায্য করিবেন।

৬। জাতিগণ গর্জ্জন করিল, রাজ্য সকল বিচলিত হইল; তিনি আপন রব ছাড়িলেন, পৃথিবী গলিয়া গেল।

৭। বাহিনীগণের সদাপ্রভু আমাদের সহবর্তী; যাকোবের ঈশ্বর আমাদের উচ্চদুর্গ।



আপনার একটি আশ্রয়স্থল আছে! পেছনে ফিরে তাকাবেন না!

(সিস্টার অ্যাঞ্জেলীন)



আমাদের পিতা ঈশ্বর এবং আমাদের প্রভু যীশু খ্রীষ্টের কাছ থেকে আপনাদের প্রতি অনুগ্রহ ও শান্তি বর্ষিত হোক,যিনি আমাদের পাপের জন্য নিজেকে উৎসর্গ করেছেন এবং শত্রুর চক্রান্ত থেকে আমাদের রক্ষা করেছেন। তিনি আমাদের আশ্রয়স্থল,আমাদের দুর্গ এবং বিপদের সময়ে আমাদের চির-উপস্থিত সহায়।

আমাদের **"তাঁর আহ্বানের প্রতিধ্বনির"** বর্ধিত পরিবারের একটি অংশ হওয়ার জন্য আপনাকে অনেক ধন্যবাদ। এই পত্রিকার মাধ্যমে প্রতি মাসে আপনাদের সাথে যুক্ত হওয়ার সুযোগ পাওয়ার জন্য আমরা গভীরভাবে কৃতজ্ঞ।

এই পত্রিকাটি যদি আপনার জীবনে আশীর্বাদস্বরূপ হয়ে থাকে,তবে আমরা আপনার কাছ থেকে শুনতে আগ্রহী। আপনার সাক্ষ্য,চিন্তা এবং পরামর্শ নির্দ্বিধায় আমাদের সাথে সহভাগিতা করুন। আপনাদের উৎসাহ আমাদের কাছে অত্যন্ত মূল্যবান।

ঈশ্বরই আমাদের আশ্রয়স্থল!

ঈশ্বরের মধ্যে নিরাপত্তা, শক্তি এবং আশা খুঁজে পাওয়া।

(ক্রমশঃ, ৩পাতায়)

তাঁর আহ্বানের প্রতিধ্বনি



প্রতিদিন খ্রীষ্টিয়ান **ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল!**

পাস্টর এস. স্যাম সেলভা রাজ কর্তৃক

২ মিনিটের বাণী প্রচার!!

ইংরাজী এবং হিন্দি ভাষায় - ভোর ১ ঘটিকায়

তামিল এবং তেলুগু ভাষায় - ভোর ২ ঘটিকায়

এবং তামিল ও ইংরাজী ভাষায় বাণী প্রচার এবং প্রার্থনা

রবিবার সকাল ৮.৩০ এবং সন্ধ্যা ৬.০০

অনুগ্রহ করে সাবস্ক্রাইব করুন ও শেয়ার করুন!!

আহ্বানের প্রতিধ্বনি – (Marching towards 60th year)

Estd. 1969

from your dearly beloved brother...



"তোমাদের লজ্জার পরিবর্তে দ্বিগুণ অংশ হইবে; অপমানের পরিবর্তে লোকেরা আপন আপন অধিকারে আনন্দরব করিবে,তজ্জন্য আপনাদের দেশে দ্বিগুণ অংশ পাইবে; তাহাদের চিরস্থায়ী আহ্লাদ হইবে।"
(যিশাইয় ৬১:৭)



Founders

আমাদের মিশনের নীতি

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।

HON. EDITOR-IN-CHIEF
Rev. Dr. Angeline Selvakumari Henry, M.A., M.Sc., M.Ed.
CONTRIBUTING EDITOR
Sis. Andrea Christmas Henry
EX MANAGING EDITOR
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.
EX ADMINISTRATOR
Sis. Jesy Veena Sam
GENERAL MANAGER
Bro. N. Prakasam, M.A., M.Sc.(C&P), PGDHRM, MBA.
ADMINISTRATION
Adv. K. Puratchivendan, M.Com., C.A., B.L.
Dr. P.E.R. Premchand, M.Sc., M.A., M.Ed., Ph.D.
Dr. C.G.S. Baburao, B.Tech., M.Tech. (DM), Ph.D.
Dr. Rabinder Boaz, M.S. (CMC)
EDITORIAL BOARD
Sis. Sajini Cherian
Rev. Dr. J. John Rajarathnam, B.ES, B.D, M.Th.
Rev. Dr. K.R. Rajasekaran
Adv. N. Balaji, B.Com., M.L.
EDITOR, PUBLISHER & PRINTER
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293
Cell : (+91) 98410 71852, 98412 71858
E.MAIL
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in
WEBSITES
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.org
YOUTUBE CHANNEL
Echo of His Call



প্রিয় বন্ধুগণ,

আমাদের প্রভু এবং ত্রাণকর্তা যীশুর মহান নামে আপনাদের শুভেচ্ছা জানাই।

তাঁর আহ্বানের প্রতিধ্বনির এই সংখ্যাটি পাঠ করার জন্য আপনাদের ধন্যবাদ জানাই। ঈশ্বর আপনাদের আশীর্বাদ করুন।

আমি আপনাদের অবগত করছি যে আমার প্রিয়তমা স্ত্রী শ্রীমতি যেশি বীণা স্যাম গত ২০শে সেপ্টেম্বর, ২০২৬ তারিখে, রাত্রি ১০.৩০ মিনিটে ইহলোক ত্যাগ করে প্রভুর মহিমায় প্রবেশ করেছেন। তিনি দীর্ঘসময় যাবৎ ফুসফুসের ব্যধিতে ভুগছিলেন। তিনি গত ৫২ বছর যাবৎ আমার সঙ্গে বিশ্বস্তভাবে প্রভুর সেবা করেছেন। তিনি সাফল্যের সাথে তাঁর দৌড় প্রতিযোগিতা সমাপ্ত করেছেন। আমরা শীঘ্রই মধ্য আকাশে আবার তাঁর সাথে মিলিত হবো। আমার সঙ্গে তাঁর অর্থপূর্ণ জীবনের জন্য আসুন আমরা ঈশ্বরের প্রশংসা করি।

আমার নাতনী **সিস্টার অ্যান্ড্রিয়া ক্রিসমাস হেনরী** এবং কন্যা অ্যাঞ্জেলীনকে আমাদের **তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিষেবাটি** ভবিষ্যতে পরিচালিত করার জন্য কার্যকরী সমিতি কতৃক নিযুক্ত করা হয়েছে। যতক্ষণ না আনুষ্ঠানিক



রেভারেণ্ড ডঃ.এম.মুর্মু, ব্রাদার মজেস (নাতী), পাস্টর স্যাম, সিস্টার অন্ড্রিয়া এবং রেভা.অ্যাঞ্জলীন



রীতিনীতি সম্পূর্ণ হচ্ছে ততদিন আমি তাদের সাহায্য করছি।

যীশুর পরিবার শিরোনামে আমাদের প্রধান মণ্ডলীতে একটি অপূর্ব পরিষেবা



আছে। গত ২৬শে সেপ্টেম্বর সকাল ৯:৩০ মিনিট থেকে বেলা ২:৩০ মিনিট পর্যন্ত একটি সুন্দর সমাবেশের আয়োজন করা হয়েছিল। প্রায় ১০০ জন পুরুষ ও মহিলা এই সমাবেশে যোগদান করেছিলেন। আমাদের নহিমিয় বাইবেল কলেজের প্রিন্সিপাল রেভারেণ্ড ডি. জে.জন. রাজারত্নম প্রধান বক্তা ছিলেন। সবাই এক নতুন অভিষেক দ্বারা আশীর্বাদযুক্ত হয়েছেন।

তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিষেবাগুলির পাশে থাকার জন্য এবং অবিরত প্রার্থনা করার জন্য আপনাদের আন্তরিক ধন্যবাদ জানাই। অনুগ্রহ করে অবিরত প্রার্থনা করুন। ঈশ্বর আপনাদের আশীর্বাদ করুন।

খ্রীষ্ট যীশুতে আপনাদের প্রিয় ভাই,

পাস্টর এস. স্যাম সেলভা রাজ
E.mail : sam@echoofhiscall.org

(ক্রমশঃ ১ পৃষ্ঠার পর থেকে)

যাহারা তাঁহার শরণ লয়,তিনি তাহাদিগকে জানেন *(নহূম ১:৭)।*

- ***সদাপ্রভুর নাম দৃঢ় দুর্গ; ধার্মিক তাহারই মধ্যে পলাইয়া রক্ষা পায়*** *(হিতোপদেশ ১৮:১০)।*
- *ঈশ্বরের প্রত্যেক বাক্য পরীক্ষাসিদ্ধ;তিনি আপনার শরণাপন্নলোকদের ঢালস্বরূপ* (হিতো. ৩০:৫)।

কী চমৎকার আশ্বাসের বাণী!

ঈশ্বর এমন একজন ব্যক্তি নন যাঁর কাছে আমরা মাঝেমধ্যে যাই। তিনি সর্বদাই আমাদের আশ্রয়স্থল।

একটি ব্যক্তিগত প্রশ্ন!

আমাদের মধ্যে কতজন আন্তরিকভাবে বলতে পারি:

ঈশ্বরের নামসমূহ!

বাইবেল আমাদের কাছে বিভিন্ন নাম এবং উপাধির মাধ্যমে ঈশ্বরকে প্রকাশ করে, যার প্রতিটি নাম তাঁর চরিত্র, প্রকৃতি এবং জনগণের সাথে তাঁর সম্পর্ক সম্পর্কে কিছু না কিছু প্রকাশ করে।

ঈশ্বরের একটি বর্ণনা যা আমাকে বিশেষভাবে বিমোহিত করেছে তা হলো:

তিনি আমাদের আশ্রয়স্থল।

অন্যান্য ভাষায় ঠিক কতগুলি ভিন্ন অভিব্যক্তি ব্যবহার করা হয় তা আমি নিশ্চিত নই, তবে তামিল বাইবেলে আশ্রয়স্থলের ধারণাটি "মারাইভিদাম", "পুগুলিদাম" এবং "আদাইকালম"— এই শব্দগুলির মাধ্যমে সুন্দরভাবে প্রকাশ করা হয়েছে, যা এমন একটি লুকানোর জায়গা, আশ্রয়ের স্থান,নিরাপত্তার স্থান এবং এমন একটি স্থান যেখানে আমরা সম্পূর্ণভাবে ঢাকা ও সুরক্ষিত থাকি।

আশ্রয়স্থল হলো এমন একটি জায়গা যেখানে বিপদ এগিয়ে আসার সময় একজন মানুষ পালিয়ে যেতে পারে-আসন্ন বিপর্যয় থেকে নিরাপত্তা, আশ্রয় এবং সুরক্ষার একটি স্থান।

আর আমাদের ঈশ্বরের কী এক সুন্দর রূপ! যখন আমাদের চারপাশের সবকিছু অনিশ্চিত মনে হয়, ঈশ্বরই আমাদের নিরাপদ স্থান হিসেবে থাকেন।

ঈশ্বর যে আমাদের আশ্রয়স্থল সেই বিষয়ে বাইবেল কী বলে?

বাইবেল বার বার আমাদের মনে করিয়ে দেয় যে ঈশ্বরই আমাদের আশ্রয়স্থল:

- ***কেবল তিনিই মম শৈল ও মম পরিত্রাণ; তিনি মম উচ্চদুর্গ, আমি অতিশয় বিচলিত হইব না*** (গীতসংহিতা ৬২:২)।
- ***ঈশ্বর আমাদের পক্ষে আশ্রয় ও বল। তিনি সঙ্কটকালে অতি সুপ্রাপ্য সহায়*** (গীত ৪৬:২)।
- ***আমি সদাপ্রভুর বিষয়ে বলিব,'তিনি আমার আশ্রয়,আমার দুর্গ,আমার ঈশ্বর, আমি তাঁহাতে নির্ভর করিব*** (গীত ৯১: ২)।
- ***হে লোক সকল, সতত তাঁহাতে নির্ভর কর, তাঁহারই সম্মুখে তোমাদের মনের কথা ভাঙ্গিয়া বলো; ঈশ্বরই আমাদের আশ্রয় (গীত ৬২:৮)।***
- ***সদাপ্রভু মঙ্গলস্বরূপ, সঙ্কটের দিনে তিনি দুর্গ;*** আর "তিনিই আমার আশ্রয়। কেবল তিনিই আমার আশ্রয়?"

যখন আমি এই সত্যটি নিয়ে গভীরভাবে চিন্তা করছিলাম, তখন আমি অভিভূত হয়েছিলাম যে ঈশ্বরকে আমাদের আশ্রয়স্থল হিসেবে ভাবাটা কতটা শক্তিশালী এবং সান্ত্বনাদায়ক।

এটি আমাকে পুরাতন নিয়মে বর্ণিত আশ্রয় নগরীগুলোর কথা মনে করিয়ে দেয়। আমি যত এই নগরীগুলো নিয়ে পড়াশোনা করেছি,আমাদের প্রভু যীশু খ্রীষ্টে আমাদের যে অবিশ্বাস্য আশ্রয় রয়েছে, আমি ততই গভীরভাবে তা উপলব্ধি করতে শুরু করেছি।

আশ্রয় নগরীসমূহ!

যখন ঈশ্বর ইস্রায়েলের গোষ্ঠীগুলোকে প্রতিজ্ঞাত



অত্যন্ত জরুরী বিজ্ঞপ্তি

অদূর ভবিষ্যতে **তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ডাক মারফৎ প্রেরণের বিষয় অবশ্যম্ভাবী বাধার সম্মুখীন হতে পারে। আপনি যদি বাধাহীনভাবে নিয়মিত পত্রিকাটি পেতে চান, তাহলে এখনই পত্র, ইমেল, ফোন কল, অথবা এসএমএস/ হোয়াটস্ অ্যাপ বার্তার মাধ্যমে আপনার নাম, ঠিকানা, ইমেল, হোয়াটস্ অ্যাপ নম্বর পাঠিয়ে দিন।

আপনার সহায়তা আরও উত্তমরূপে পরিষেবা দিতে আমাদের সাহায্য করবে!

Our address:

ECHO OF HIS CALL,
10, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005, India
Cell: (+91) 98412 71858 / 98410 71858 E.mail: sam@echoofhiscall.org

দেশ দিয়েছিলেন, তখন অন্যান্য গোষ্ঠীগুলোর মতো লেবীয়রা কোনো ভৌগোলিক উত্তরাধিকার পায়নি। প্রভু নিজেই ছিলেন তাদের উত্তরাধিকার।

কারণ তোমাদের মধ্যে লেবীয়দের কোন অংশ নাই, কেননা সদাপ্রভুর যাজকত্বপদ তাহাদের অধিকার (যিহোশূয় ১৮:৭)।

তা সত্ত্বেও, প্রতিটি গোত্রকে লেবীয়দের জন্য তাদের জমির একটি অংশ বরাদ্দ করতে হয়েছিল। ইস্রায়েলের সমস্ত অঞ্চলের মধ্যেই তাদের নগর দেওয়া হয়েছিল। তারা মোট ৪৮টি নগর পেয়েছিল এবং এর মধ্যে ছয়টিকে আশ্রয় নগরী হিসেবে নির্ধারণ করা হয়েছিল।

এই ছয়টি নগর পুরো দেশে এমন কৌশলগতভাবে ছড়ানো ছিল যাতে বিপদে পড়া কেউ অসম্ভব দূরত্বে ভ্রমণ না করেই সেগুলোর যেকোনো একটিতে পৌঁছাতে পারে।

আশ্রয় নগরীগুলোর উদ্দেশ্য!

গণনা পুস্তক ৩৫:২২-২৮ এইনগরীগুলোর উদ্দেশ্য ব্যাখ্যা করে।

এমন কিছু পরিস্থিতি ঘটতো যেখানে একজন ব্যক্তি অনিচ্ছাকৃতভাবে অন্য একজনের মৃত্যুর কারণ হতো। এমন ক্ষেত্রে, মৃত্যুর জন্য দায়ী ব্যক্তি রক্তের প্রতিশোধগ্রহণকারীর হাত থেকে সুরক্ষার জন্য আশ্রয় নগরীগুলোর যে কোনো একটিতে পালিয়ে যেতে পারত।

যদি মৃত্যুটি দুর্ঘটনাজনিত বলে নিরূপিত বলে নির্ধারিত হতো, তবে হত্যাকারী ব্যক্তি দায়িত্বপ্রাপ্ত মহাযাজকের মৃত্যু পর্যন্ত আশ্রয় নগরীতে বসবাস করতে পারত।

তবে একটি গুরুত্বপূর্ণ শর্ত ছিল:

তাকে শহরের সীমানার মধ্যে থাকতে হতো:

মহাযাজকের মৃত্যুর আগে যদি সে ইচ্ছাকৃতভাবে আশ্রয় শহর ত্যাগ করে, তবে সে আর তার সুরক্ষার অধীনে থাকবে না,এবং রক্তের প্রতিশোধকারী কোনো অপরাধবোধ ছাড়াই তাকে হত্যা করতে পারত:

মহাযাজকের মৃত্যুর পর, হত্যাকারী তার নিজ দেশে ফিরে যাওয়ার স্বাধীনতা পেত:

আশ্রয়ের কী এক শক্তিশালী চিত্র!

আশ্রয় শহরগুলো থেকে আমরা কী শিখি?

১। তারা সুরক্ষা প্রদান করেছিল।

যে শহরগুলো এমন কোনো ব্যক্তিকে সুরক্ষা দিত যে অন্য কোনো ব্যক্তির অনাকাঙ্ক্ষিত মৃত্যুর কারণ হয়েছিল, উপযুক্ত বিচার না হওয়া পর্যন্ত তাকে রক্তের প্রতিশোধকারীর হাত থেকে রক্ষা করত:

২। তারা নিরাপত্তার স্থান প্রদান করেছিল।

যদি দেখা যায় যে ব্যক্তিটি দুর্ঘটনা বা অনিচ্ছাকৃতভাবে মৃত্যুর কারণ ঘটিয়েছে, তবে সে সুরক্ষার অধীনে শহরের মধ্যে থাকতে পারত:

৩। সেগুলো সহজলভ্য ছিল।

ছয়টি শহর পুরো ভূখণ্ডে বিস্তৃত ছিল, যার ফলে যাদের প্রয়োজন ছিল তাদের সকলের জন্যই আশ্রয়স্থলটি মোটামুটি সহজে পৌঁছানোর মতো ছিল:

৪। এগুলো কেবল ইস্রায়েলীয়দের জন্যই নয়, আরও অনেকের জন্যেও উপলব্ধ ছিল।

এই ব্যবস্থা শুধু ইস্রায়েলীয়দের জন্যই নয়, বরং তাদের মধ্যে বসবাসকারী পরদেশী প্রবাসীদের জন্যও প্রসারিত ছিল:

৫। সুরক্ষার একটি সীমানা ছিল।

যে ব্যক্তি শহরে পালিয়ে গিয়েছিল তাকে তার সীমানার মধ্যে থাকতে হতো: শহর ত্যাগ করার অর্থ হলো সুরক্ষার স্থান ত্যাগ করা।

৬। এই সুরক্ষা প্রধান যাজকের জীবনের সাথে যুক্ত ছিল।

দায়িত্বপ্রাপ্ত প্রধান যাজকের মৃত্যু না হওয়া পর্যন্ত নরহত্যাকারী সেই নগরেই থাকত। এরপর সে তার উত্তরাধিকারে ফিরে যেতে পারত।

অসতর্কতাবশত মৃত্যুর ঘটনার পর, যে ব্যক্তি নিজের প্রাণের ভয়ে দৌড়াচ্ছিল, সে যখন জানতে পারল যে এমন একটি নগর আছে যেখানে সে সুরক্ষা পেতে পারে, তখন তার মনে কী ধরণের স্বস্তি এসেছিল তা কি আপনি কল্পনা করতে পারেন?

আশ্রয়ের ছয়টি নগর!

ঈশ্বর আশ্রয়ের ছয়টি নগর নিযুক্ত করেছিলেন, যার তিনটি যর্দন নদীর এপারে এবং তিনটি ওপারে ছিল।

যর্দনের পশ্চিম দিক

কাদেশ -উত্তরাঞ্চলের নপ্তালির পাহাড়ি অঞ্চলে অবস্থিত।

শিখিম - মধ্যাঞ্চলের ইফ্রয়িমের পাহাড়ি অঞ্চলে (গালীলে) অবস্থিত।

হিব্রোণ-দক্ষিণাঞ্চলের যিহূদার পাহাড়ি অঞ্চলে অবস্থিত।

যর্দনের পূর্ব দিক

গোলান - বাশনে, উত্তরাঞ্চলে অবস্থিত (মনঃশির বংশকে বরাদ্দ দেওয়া হয়েছিল)।

গিলিয়দে রামোত - মধ্যাঞ্চলে, গাদ বংশের এলাকায় অবস্থিত।

বেসের - মালভূমিতে, রূবেণ বংশের এলাকায়, দক্ষিণাঞ্চলে অবস্থিত।

এই নগরগুলো খুব ভেবেচিন্তে স্থাপন করা হয়েছিল যাতে আশ্রয় কারো নাগালের বাইরে না থাকে।

নতুন নিয়মে আশ্রয়

তাহলে আজকের বিশ্বাসী হিসেবে আমাদের কাছে আশ্রয়ের এই চিত্রের অর্থ কী?

আমাদের পরম আশ্রয় হলেন প্রভু যীশু খ্রীষ্ট।

আশ্রয়ের নগরগুলো প্রাচীন নিয়মের অধীনে সাময়িক সুরক্ষা প্রদান করেছিল। কিন্তু প্রভু যীশু খ্রীষ্ট আমাদের এমন কিছু দান করেন যা অসীমভাবে মহান।

তিনি আকস্মিকভাবে মারা যাননি।

তিনি স্বেচ্ছায় আমাদের পাপ থেকে রক্ষা করার জন্য নিজের জীবন দান করেছিলেন।

"কিন্তু ঈশ্বর আমাদের প্রতি তাঁহার নিজের প্রেম প্রদর্শন করিতেছেন; কারণ আমরা যখন পাপী ছিলাম, তখনও খ্রীষ্ট আমাদের নিমিত্ত প্রাণ দিলেন" (রোমীয় ৫:৮)।

প্রভু যীশু খ্রীষ্ট মৃত্যুকে জয় করে আবার জীবিত হয়েছেন!

আর পার্থিব মহাযাজদের মতো নয়, যাদের জীবন একসময়ে শেষ হয়ে যায়, আমাদের মহান মহাযাজক চিরকাল বেঁচে আছেন।

অতএব আমাদের আশ্রয় সাময়িক নয়।

আমাদের আশ্রয় অনন্তকালীন!

রোমীয় ৬:৯ পদে বলা হয়েছে:

"কারণ আমরা জানি, মৃতগণের মধ্য হইতে উঠিয়াছেন বলিয়া খ্রীষ্ট আর কখনও মরেন

(ক্রমশঃ, ৬ পাতায়)

মহান আদেশ অংশীদারগণ

ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

প্রার্থনার অনুরোধসমূহ (১৯ শে অকটোবর থেকে ১৮ই নভেম্বর, ২০২৬ পর্যন্ত)

(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখন এবং প্রতিদিন প্রার্থনা করুন)



(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

প্রশংসার বিষয়সমহ

নভেম্বর ১৯ : আমাদের নিবেদিত প্রাণ রবিবাসরীয় বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ।

দিন ২০: আমাদের প্রধান মণ্ডলী এবং এর শাখাগুলির সাথে স্কুলের জন্য আরও বেশি শিশু দিয়ে আমাদের আশীর্বাদ করার জন্য।

দিন ২১: আমাদের **হাসপাতাল পরিষেবাতে** ঈশ্বরের অলৌকিক কাজগুলির জন্য।

দিন ২২: আমাদের **তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকা** পরিষেবায় সহযোগিতাকারী নিবেদিতপ্রাণ সহযোগী সম্পাদকদের পাওয়ার জন্য আমরা আশীর্বাদধন্য।

দিন ২৩: নতুন কর্মীদের দিয়ে আমাদের সংস্থাকে আশীর্বাদ করার জন্য।

দিন ২৪: নতুন বিশ্বাসী দিয়ে আমাদের মণ্ডলীকে আশীর্বাদ করার জন্য।

দিন ২৫: আমাদের সেন্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের অধ্যক্ষ, শিক্ষক এবং অন্যান্য স্টাফ সদস্যদের জন্য।

দিন ২৬: বিভিন্ন সেবামূলক কাজের মাধ্যমে সুসমাচার প্রচারের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ থাকার জন্য আমাদের সিনিয়র পাস্টরকে ধন্যবাদ।

দিন ২৭: আমাদের সমস্ত স্টাফ সদস্য এবং তাঁদের পরিবারকে আশীর্বাদ করার জন্য।

দিন ২৮: আমাদের নিয়মিত সমর্থক এবং আমাদের সেবা কাজে তাঁদের সক্রিয় অংশগ্রহণের জন্য।

দিন ২৯: আমাদের ক্ষেত্র মিশনারী এবং তাঁদের পরিবারবর্গের জন্য।

দিন ৩০: আমাদের মিডিয়া মিনিস্ট্রির (ইউটিউব) কর্মীদের আশীর্বাদ করার জন্য, যারা সুসমাচার পৌঁছায়নি এমন মানুষের কাছে আমাদের পৌঁছাতে সাহায্য করার জন্য নিবেদিতপ্রাণ।

ডিসেম্বর ০১: আমাদের রাজ্য সমন্বয়কদের এবং তাঁদের পরিবারবর্গের আশীর্বাদের জন্য।

দিন ০২: আমাদের পরিচর্যামূলক প্রয়োজনগুলি পূরণ হওয়ার জন্য।

দিন ০৩: আমাদের **সেন্ট পলস ম্যাট্রিকুলেশন স্কুল** এবং **নহিমিয় বাইবেল কলেজের** ওপর তাঁর আশীর্বাদের জন্য।

প্রার্থনার অনুরোধসমূহ

দিন ৪: আমাদের বরিষ্ঠ পালক এবং তাঁর পরিবারের সদস্যদের সুরক্ষা ও নিরাপত্তার জন্য।

দিন ৫: আমাদের দেশের সকল নাগরিকদের মধ্যে ঐক্যের জন্য।

দিন ৬: আমাদের সহযোগী সম্পাদক এবং তাঁদের পরিবারবর্গের কল্যাণের জন্য।

দিন ৭: বিশ্বের রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী এবং সমস্ত সরকারী কর্মকর্তাদের নিরাপত্তার জন্য।

দিন ৮: আমাদের নহিমিয় বাইবেল কলেজ এবং সেন্টপলস ম্যাট্রিকুলেশন স্কুলের জন্য।

দিন ৯: মদ্যপ ও মাদকাসক্তদের অনুতাপের জন্য।

দিন ১০: ভারতের যে সমস্ত জায়গায় এখনও সুসমাচার পৌঁছায়নি, সেখানে তা প্রচারের জন্য ঈশ্বরের করুণার প্রার্থনা।

দিন ১১: সারা বিশ্বের সমস্ত মণ্ডলী এবং পালকদের ওপর তাঁর অপরিসীম আশীর্বাদের জন্য।

দিন ১২: আমাদের রাজ্য সমন্বয়কদের এবং তাঁদের পরিবারের স্বাস্থ্য ও নিরাপত্তার জন্য।

দিন ১৩: আমাদের বড়দিনের উৎসব এবং ২০২৭ সালের নববর্ষের ওয়াচ নাইট সার্ভিসের জন্য।

দিন ১৪: বিশ্বের সমস্ত জাতির মধ্যে সততা ও ন্যায়পরায়ণতার জন্য।

দিন ১৫: সারা বিশ্বের সমস্ত নারী ও শিশুদের সুরক্ষার জন্য।

দিন ১৬: যুবসমাজ থেকে আত্মহত্যার প্রবণতা দূর হওয়ার জন্য।

দিন ১৭: আমাদের সংগঠনের জন্য উপযুক্ত কর্মী নিয়োগের ক্ষেত্রে।

দিন১৮: আমাদের পরিচর্যা কাজের সম্প্রসারণ এবং সারা বিশ্বে সুসমাচার প্রচারের জন্য।

(ক্রমশঃ ৪ পৃষ্ঠার পর থেকে)

না, তাঁহার উপরে মৃত্যুর আর কর্তৃত্ব নাই।"

কী এক মহিমান্বিত আশ্বাস!

প্রভু যীশু খ্রীষ্ট আমাদের আশ্রয় হয়ে ওঠেন যখন আমরা তখনও পাপী ছিলাম— যখন আমরা ঈশ্বরের কাছ থেকে দূরে এবং তাঁর থেকে বিচ্ছিন্ন ছিলাম।

কিন্তু তিনি চান না যে আমরা দূরে থাকি।

তিনি আমাদের আরও কাছে আসার আহ্বান জানিয়েছেন।

তিনি আমাদের সম্পূর্ণভাবে তাঁর ওপর বিশ্বাস করার আহ্বান জানান।

তিনি তাঁকে আমাদের আবাসস্থল, আমাদের আশ্রয়, আমাদের শক্তিশালী দুর্গ এবং আমাদের আশ্রয়স্থল করার জন্য আহ্বান জানানো হয়েছে।

বাইবেল বলে:

"যাহারা সদাপ্রভুতে নির্ভর করে, তাহরা সিয়োন পর্ব্বতেরে সদৃশ, যাহা অটল ও চিরস্থায়ী" (গীতসংহিতা ২৫:১)।

অন্য একটি অনুবাদে বলা হয়েছে, **"আমরা যদি তাঁর ওপর ভরসা রাখি তবে আমরা পরাজিত হব না।"**

প্রিয় ভাই ও বোনেরা, ঈশ্বর আপনাদের পরিস্থিতি জানেন। আমি আপনাদের উৎসাহিত করছি ঈশ্বরকে আস্বাদন করে দেখুন, তিনি কত মধুর।

যখন ঈশ্বরের ওপর আমাদের ভরসা থাকে, তখন ঝড় আসতে পারে, বাতাস বইতে পারে, এবং পরিস্থিতি পরিবর্তিত হতে পারে— কিন্তু আমাদের ভিত অবিচল থাকে কারণ আমাদের আশ্রয়স্থল বিশ্বস্ত থাকে।

একটি বিকল্প আশ্রয়স্থল: মিথ্যার আশ্রয়স্থল!

কিন্তু বাইবেল আমাদের অন্য ধরনের এক আশ্রয়স্থল—একটি মিথ্যা আশ্রয়স্থল সম্পর্কেও সতর্ক করে।

যিশাইয় ২৮:১৫ পদে বলা হয়েছে:

"... কেননা আমরা অলীকতাকে আপনাদের আশ্রয় করিয়াছি, ও মিথ্যা ছলের আড়ালে লুকাইয়াছি।"

ঈশ্বরকে নিজেদের আশ্রয়স্থল করার পরিবর্তে মানুষ প্রায়ই এমন সব বিষয়ের ওপর ভরসা রাখে যা শেষ পর্যন্ত তাদের রক্ষা করতে পারে না।

আমরা জানি মিথ্যার পিতা কে।

শয়তান মানুষকে এমন সব ক্ষণস্থায়ী,ভঙ্গুর এবং দীর্ঘস্থায়ী নিরাপত্তা প্রদানে অক্ষম জিনিসগুলোর ওপর ভরসা রাখতে উৎসাহিত করে যা মানবজাতিকে প্রতারিত করেছে।

কোন কোন জিনিসগুলো আমাদের মিথ্যা আশ্রয়স্থল হয়ে উঠতে পারে?

ধন-সম্পদ, খ্যাতি, শিক্ষা, ক্ষমতা, পদমর্যাদা, প্রতিভা, সাফল্য, সম্পর্ক, পার্থিব সম্পদ ইত্যাদি।

এই জিনিসগুলোর কোনটিই যে অনিবার্যভাবে খারাপ তা নয়।

বিপদ তখন আসে যখন আমরা ঈশ্বরকে আমাদের আশ্রয়স্থল না বানিয়ে এগুলোকে আমাদের আশ্রয়স্থলকরে তুলি।

যখন কোনো সৃষ্ট বস্তু স্রষ্টার স্থান অধিকার করে, তখন তা একটি মিথ্যা আশ্রয়স্থলে পরিণত হয়।

এটি একটি "মিথ্যার আশ্রয়স্থলে" পরিণত হয়।

এবং প্রতিটি মিথ্যা আশ্রয়স্থল একসময় ব্যর্থ হবে।

যিশাইয় ২৮:১৭-১৮ পদ আমাদের সামনে একটি গম্ভীর চিত্র তুলে ধরে:

" ... শিলাবৃষ্টি ঐ অলীকতারূপ আশ্রয় ফেলিয়া দিবে, এবং বন্যা ঐ লুকাইবার স্থান ভাসাইয়া লইয়া যাইবে। আর মৃত্যুর সহিত কৃত তোমাদের নিয়ম বিলোপ করা যাইবে, ও পাতালের সহিত তোমাদের সন্ধি স্থির থাকিবে না...।"

মিথ্যার উপর তৈরী করা সবকিছু একসময় ভেঙে পড়বে।

কিন্তু ঈশ্বরকে ধন্যবাদ— আমাদের কাছে এর চেয়েও অনেক ভালো কিছু আছে!

আমাদের একজন জীবন্ত উদ্ধারকর্তা আছেন।

আমাদের একটি নিশ্চিত ভিত্তি রয়েছে।

আমাদের কোণার প্রস্তর বা ভিত্তিপ্রস্তর রয়েছেন— যীশু খ্রীষ্ট।

যিশাইয় ২৮:১৬ পদে বলা হয়েছে:

"দেখ, আমি সিয়োনে ভিত্তিমূলের নিমিত্ত এক প্রস্তর স্থাপন করিলাম; তাহা পরীক্ষাসিদ্ধ প্রস্তর বহুমূল্য কোণের প্রস্তর, অতি দৃঢ়রূপে বসানো; যে ব্যক্তি বিশ্বাস করিবে, সে চঞ্চল হইবে না।"

কী এক বৈপরীত্য!

মিথ্যার আশ্রয় ভেঙে পড়বে।

কিন্তু খ্রীষ্টে আমাদের যে আশ্রয় রয়েছে তা কখনো ব্যর্থ হবে না।

আজ আমাদের আশ্রয় কোথায় বা কী?

আমাদের বোঝার মতো একটি গুরুত্বপূর্ণ বিষয়

(ক্রমশঃ ৯ পৃষ্ঠায়)

নহিমিয় বাইবেল কলেজসমূহ

চীপক্ এবং সন্তোষপুরম্, ভেলাচেরী চেন্নাই

ভর্তির জন্য সত্বর যোগাযোগ করুন! মাধ্যম: তামিল (আংশিক সময়),হিন্দি: (আংশিক সময়)

ঈশতত্বে ডিপ্লোমা

আন্তর্জাতিক খ্রীষ্টান নের্তৃবৃন্দ এবং সিনিয়র পাস্টরদের দ্বারা ৫০ বছর যাবৎ স্বীকৃত

শিক্ষাগত যোগ্যতা: ১০ম শ্রেণী এবং তদূর্দ্ধ

নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করুন:

The Chairman, Nehemiah Bible College.

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.

Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858

E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

MAIN CHURCH PROGRAMMES

1. Prayer Service : 24 hours
2. **ECHO OF HIS CALL** - Monthly Magazines :English, Tamil, Malayalam, Telugu, Hindi, Kannada, Marathi, Gujarati, Bengali, Odiya, Nepali, Assamese, Punjabi, Urdu, Sinhala & Afrikaans.
3. **BIBLECOR** - Basic Bible Courses (English, Tamil & Hindi)
4. Theological Correspondence Courses: English & Tamil
5. Nehemiah Bible Colleges (Chepauk, Santhoshapuram & Velachery)
6. Branch Churches: Santhoshapuram, Balaji Nagar & Velachery
7. Great Commission Partners (Network of Pastors)
8. Training Programmes – Seminars & Retreats
9. Crusades
10. Literature Distribution and Follow Up
11. Gospel Printing Press - Publications
12. St. Paul's Matriculation School - Village English High School
13. Sunday Schools (Chepauk) : 10.30 a.m. Sunday & (Velachery, Balaji Nagar & Santhoshapuram) 3.00 p.m. Sunday
14. **Early Morning Service : 5.30 a.m. Sunday**
15. **Preliminary Service : 8.00 a.m. Sunday**
16. **Tamil Service : 8.30 a.m. Sunday**
17. **Children School : 11.00 a.m. Sunday**
18. **Youth Meeting : 11.00 a.m. Sunday**
19. **Elders for Christ Meeting : 11.00 a.m. Sunday**
20. **Fellowship Lunch : 01.00 p.m. Sunday**
21. **Telugu Service : 4.00 p.m. Sunday**
22. **Hindi Service : 5.00 p.m. Sunday**
23. **Tamil & English Service : 6.00 p.m. Sunday**
24. Feedback Time : 8.00 p.m. Sunday
25. Women's Prayer : 5.30 p.m. Wednesday
26. Men's Prayer : 7.00 p.m. Friday
27. Discipleship Meeting : 6.00 p.m. Saturday
28. House Meetings : 6.30 p.m. Tuesday & Thursday
29. Special Holy Communion : 6.00 a.m. 1st day of each month
30. Workers Meeting : 5.30 p.m. First Saturday
31. Parents' Prayer : 4.00 p.m. First Sunday
32. Night Prayer : 9.30 p.m. Third Friday
33. Fasting Prayer : 9:30 a.m. Second Saturday
34. Holy Communion : Second Sunday Service
35. Youth / Kid Prayer : 10.00 p.m. daily (over phone)
36. Staff Devotion : 9.00 a.m. daily
37. Office : 9.00 a.m. to 9.00 p.m. (except Sundays)

TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

Account Name : ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST
Account Number : 1023 2923 805
Bank Name : STATE BANK OF INDIA
Branch : TRIPLICANE, CHENNAI - 600 005
IFSC Code : SBIN 0000249
SWIFT Code : SBI NIN BB 455

কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

১। বাইবেলকোর

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। "আপনার জন্য নতুন জীবন" নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্বাদ পাবেন।

২। ডাক মারফত ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রম

থিওলজিকাল করেসপণ্ডেন্স কোর্স নামে অভিহিত অ্যাডভান্স ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।

The Chairman, Nehemiah Bible College,
Echo of His Call, Post Box 2957
CHEPAUK, CHENNAI - 600 005.
Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,
Cell : 98410 71852, 95661 31858
E.mail : biblecor@yahoo.co.in

বিনামূল্যে মাসিক পত্রিকা
আহ্বানের প্রতিধ্বনি
লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।



পাতাল থেকে রাজপ্রাসাদ
PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

"আমি দুঃখী ও দরিদ্র, প্রভুই আমার পক্ষে চিন্তা করেন..." (গীত ৪০:১৭)

প্রায় পঞ্চাশ বছর আগে চেন্নাইতে একটি মহান উদ্দিপনা সভা অনুষ্ঠিত হয়েছিল। দক্ষিণ আফ্রিকা থেকে কিছু মহান প্রচারক এসেছিলেন। ঈশ্বর তাদের মাধ্যমে মহান সমস্ত আশ্চর্য কাজ করেছিলেন। বহু মানুষ সেই সমস্ত আশ্চর্য কাজ প্রত্যক্ষ করেছিল এবং তাদের জীবনে প্রথমবারের মতো যীশু খ্রীষ্টের সুসমাচার শুনেছিল। আমি একজন স্বেচ্ছাসেবক কর্মী হিসেবে তাদের সহায়তা করছিলাম।

শেষ দিনের সভা শেষ হওয়ার পর, অতিথি এবং কর্মীদের একটি ছোট সমাবেশ হয়েছিল যারা সভাগুলিকে সফলভাবে পরিচালনা করতে সাহায্য করেছিলেন। হঠাৎ, দক্ষিণ আফ্রিকা থেকে আগত প্রধান অতিথি আমাকে ডাকলেন এবং আমার খোঁজখবর নিলেন, পুনরুত্থান সভাগুলিতে ব্যানার টাঙানো, নতুন বন্ধুদের অভ্যর্থনা জানানো এবং অংশগ্রহণকারীদের সাহায্য করার ক্ষেত্রে আমার আন্তরিক ও কঠোর পরিশ্রমের প্রশংসা করলেন।

তিনি আরও জানতে চাইলেন আমি কোথা থেকে এসেছি এবং পরের দিন ভোর ৪:০০ টায় ভারত ত্যাগের সময় বিমান বন্দরে তার সাথে দেখা করতে পারবো কিনা সেই বিষয়ে তিনি আমাকে অনুরোধ করলেন। আমি তাকে বলেছিলাম যে অতো ভোরে বিমান বন্দরে পৌঁছানো আমার পক্ষে খুব কঠিন হয়ে যাবে, কারণ আমার কাছে একটি খুব পুরানো সাইকেল ছিল যা ভালো অবস্থাতেও ছিল না এবং আমার বাড়ি থেকে বিমান বন্দরের দূরত্ব ছিল ২৫ কিলোমিটারের বেশি।

সঙ্গে সঙ্গে, তিনি চারপাশে তাকালেন এবং এই শহরের একজন মহান প্রচারককে খুঁজে পেলেন, তাকে নাম ধরে ডাকলেন এবং বললেন, "ইনি হলেন ব্রাদার স্যাম সেলভা রাজ। আমি দেখেছি তিনি স্বেচ্ছায় খুব ভালো কাজ করছেন এবং আমি তার মধ্যে বিশেষ কিছু দেখতে পাচ্ছি। ভারত ছেড়ে যাওয়ার আগে আমি বিমানবন্দরে তার সাথে কিছু সময় কাটাতে চাই, যেহেতু উনি খুব গরিব এবং আগামীকাল খুব ভোরে বিমানবন্দরে যাওয়ার মতো উপযুক্ত কোনো যাতায়াত ব্যবস্থা তার নেই, তাই আপনি যদি আপনার গাড়িতে তাকে সাথে করে নিয়ে আসেন তবে আমি খুব খুশি হব, কারণ আপনারা আমাকে বিদায় জানাতে বিমানবন্দরে আসছেন"।

কিন্তু প্রচারক আমার প্রতি রেগে গেলেন এবং প্রধান অতিথিকে বললেন, "এই লোকটিকে বহন করার মতো আমার গাড়িতে কোনো জায়গা নেই। তাকে বিমানবন্দরে আসতে দেবেন না"। প্রধান অতিথি তাকে জিজ্ঞাসা করলেন, "আপনার সাথে কি বিমানবন্দরে আসার মতো আর কেউ আছেন?" তিনি উত্তর দিলেন, "আমার সাথে কেউ আসছেন না; কিন্তু আমি এই গরীব লোকটিকে সাহায্য করতে পারছি না"।

ঈশ্বরের সেবক সেই প্রধান অতিথি এই কথাগুলো শুনে সত্যিই স্তম্ভিত হয়ে গেলেন... তিনি আমাকে ডাকলেন এবং আমার মাথার উপর হাত রাখলেন এবং চোখের জলে ঈশ্বরের কাছে প্রার্থনা করলেন, যেন তিনি আমাকে পার্থিব আশীর্বাদও দান করেন। তিনি আরও আমাকে বললেন,"ভাই স্যাম, আমি জানি যে আপনি মহান ঈশ্বরের একজন অত্যন্ত বিনয়ী সেবক, আজ আমি যাঁর সেবা করি। আমি আপনার এবং আপনার পরিচর্যার ওপর সমৃদ্ধি ঘোষণা করছি। আমি যার সেবা করি সেই ঈশ্বর এখন স্বর্গের জানালা খুলে দেবেন এবং ভারতে আপনার পরিচর্যার জন্য অনেক গাড়ি এবং অন্যান্য সমস্ত কাঠামো দিয়ে আপনাকে আশীর্বাদ করবেন। আগামীকাল সকালে বিমানবন্দরে যাওয়ার সময় যে ভাই আপনাকে সাথে নিয়ে যেতে চাননি, সেই ভাইকে আপনার ঘৃণা করা উচিত নয়"।

এই অভিজ্ঞতা আমাকে কোনো কষ্ট দেয়নি। কিন্তু ঈশ্বরের সেবকের মাধ্যমে পাওয়া তাঁর আশীর্বাদপূর্ণ কথার জন্য আমি ঈশ্বরের প্রতি কৃতজ্ঞ ছিলাম। দিনকেটে গেছে, কিন্তু ঈশ্বর আমাকে তাঁর স্মরণে রাখতে অত্যন্ত বিশ্বস্ত ছিলেন। পরবর্তীতে ঈশ্বর আমাকে গাড়ি এবং তাঁর পরিচর্যার জন্য প্রয়োজনীয় সমস্ত সরঞ্জাম দিয়ে আশীর্বাদ করলেন। সময়ের ব্যবধানে, তিনি আমাকে এবং আমার সহকর্মীদের আমাদের নিজেদের গাড়ি ব্যবহার করে বেশ কয়েকবার একই বিমানবন্দরে যাতায়াত করার সামর্থ্য দিয়েছেন। আমাদের কত চমৎকার একজন ঈশ্বর আছেন! সেই একই ঈশ্বর আজও জীবিত আছেন। তিনি গতকাল,আজ এবং চিরকাল একই আছেন।

আমার প্রিয় পাঠক, অন্যেরা আপনার মাথার ওপর থাকা অভিষেককে স্বীকৃতি না দেওয়ায় কি আপনার অস্বস্তি হচ্ছে? আপনার বর্তমানের এই দীনহীন অবস্থা দেখে কি আপনি হতাশ হয়েছেন? আপনি কি নিজের লোক দ্বারাই অবমূল্যায়িত হচ্ছেন? ঈশ্বর বলেন, **"আমি তোমাদিগকে অনাথ রাখিয়া যাইব না, আমি তোমাদের নিকটে আসিতেছি"** যোহন ১৪:১৮। তাঁর ইচ্ছার কেন্দ্রবিন্দুতে থেকে জীবনযাপন করুন।

ঈশ্বর আপনাদের আশীর্ব্বাদ করুন!

(ক্রমশঃ ৬ পৃষ্ঠার পর থেকে)

আছে।

যে ব্যক্তি আশ্রয়ের শহরে পালিয়ে গিয়েছিল তাকে শহরের মধ্যেই থাকতে হতো। সে যদি ইচ্ছাকৃতভাবে তার সীমানার বাইরে পা রাখে, তবে সে নিজেকে বিপদে ফেলবে।

একইভাবে, বিশ্বাসী হিসেবে আমাদের খ্রীষ্টে থাকতে শিখতে হবে।

প্রভু যীশু খ্রীষ্ট বলেছেন:

"আমাতে থাক, আর আমি তোমাদিগেতে থাকি" (যোহন ১৫:৪)।

আমাদের নিরাপত্তা কেবল বিপদের সময় মাঝেমধ্যে ঈশ্বরের কাছে দৌড়ে যাওয়া এবং সংকট কেটে গেলে আমাদের পুরানো রাস্তায় ফিরে যাওয়ার মধ্যে নিহিত নয়। ঈশ্বরের সাথে সম্পর্ক থাকা যেমন গুরুত্বপূর্ণ, তেমনি একটি মণ্ডলী এবং একজন পালক থাকাটাও সমানভাবে গুরুত্বপূর্ণ।

আমাদের তাঁর মধ্যেই থাকতে বলা হয়েছে।

ঈশ্বর আমাদের তাঁর মণ্ডলীও উপহার দিয়েছেন — একটি আধ্যাত্মিক পরিবার যেখানে আমরা শক্তি পেতে পারি, উৎসাহিত হতে পারি, সংশোধিত হতে পারি, আমাদের জন্য প্রার্থনা করা হতে পারে এবং সহায়তা পেতে পারি।

আজকের বিশ্বে, গির্জায় যাওয়া এবং আধ্যাত্মিক জবাবদিহিতা প্রায়শই সেকেলে বা অপ্রয়োজনীয় বলে মনে করা হতে পারে।

কিন্তু ঈশ্বরের পরিকল্পনা আলাদা।

আমাদের একে অপরকে প্রয়োজন।

বাইবেলে বিশ্বাসী একটি গির্জার সাথে যুক্ত থাকা এবং ঈশ্বরভীরু আধ্যাত্মিক নেতৃত্ব ও যাজকীয় পরিচর্যা পাওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমাদের এমন লোক প্রয়োজন যারা আমাদের সাথে প্রার্থনা করবে, আমাদের উৎসাহিত করবে, আমাদের কাছে ঈশ্বরের সত্য বলবে এবং প্রয়োজনের সময় আমাদের ও আমাদের পরিবারের পাশে থাকবে।

আমাদের কখনই একা এই পথ চলার জন্য সৃষ্টি করা হয়নি।

আশ্রয়স্থল থাকার অর্থ কী?

আসুন আমরা আশ্রয় নগরীগুলো থেকে যেসব শিক্ষা পেতে পারি তা নিজেদের স্মরণ করিয়ে দিই।

১। যে ব্যক্তি অনিচ্ছাকৃতভাবে কোনো মৃত্যুর কারণ হয়েছিল, সে নিরাপত্তার জায়গায় পালিয়ে যেতে পারতো।

২। বিষয়টি সঠিকভাবে বিচার না হওয়া পর্যন্ত সেই নগর সুরক্ষা প্রদান করতো।

৩। রক্ত প্রতিশোধকারী চাইলেই নগরে প্রবেশ করে সেই ব্যক্তির প্রাণ কেড়ে নিতে পারত না।

৪। সুরক্ষার নির্দিষ্ট সীমানা ছিল। সেই ব্যক্তিকে নগরের মধ্যেই থাকতে হতো।

৫। এই সুরক্ষা প্রধান যাজকের মৃত্যু পর্যন্ত স্থায়ী হতো।

৬। আপনার কী মনে হয় সেই ব্যক্তির প্রার্থনা কী ছিল? সম্ভবত প্রধান যাজকের দীর্ঘায়ু কামনা করে প্রার্থনা? তিনি নিশ্চয়ই সেই দিনের জন্য আকুল হয়ে অপেক্ষা করেছিলেন যেদিন তিনি অবশেষে তার অধিকারে ফিরে যেতে পারবেন।

আর এখানেই বিশ্বাসী হিসেবে আমাদের জন্য ছবিটি সুন্দর হয়ে ওঠে।

ধন্যবাদ যে আমরা আর ছয়টি ভৌগোলিক শহরের মধ্যে সীমাবদ্ধ নই।

আমাদের কাছে এর চেয়ে অসীম বড় কিছু আছে। আমাদের প্রভু যীশু খ্রীষ্ট আমাদের আশ্রয়স্থল হিসেবে আছেন!

ইব্রীয় ৬:১৮ পদে বলা হয়েছে:

"...যাহারা সম্মুখস্থ প্রত্যাশা ধরিবার জন্য শরণার্থে পলায়ন করিয়াছি, যেন দৃঢ় আশ্বাস প্রাপ্ত হই।"

আমরা আশ্রয়ের জন্য পালিয়ে এসেছি— কোনো শারীরিক শহরে নয়, বরং স্বয়ং প্রভু যীশু খ্রীষ্টের কাছে।

প্রভু যীশু খ্রীষ্টের মধ্যে!

- বিশ্বাস নিয়ে তাঁর কাছে আসা সকলের জন্যই তিনি এক আশ্রয়স্থল।
- তাঁর ভালোবাসা এবং আমন্ত্রণ সমস্ত মানুষের জন্য প্রসারিত।
- তাঁর সুরক্ষা সাময়িক নয়, কারণ আমাদের মহান মহাযাজক চিরকাল বেঁচে আছেন।
- তিনি আমাদের দুর্গ এবং শক্তিশালী মিনার, শত্রু আমাদের স্পর্শ করতে পারে না।
- তিনি আমাদের কোণার প্রস্তর এবং আমাদের নিশ্চিত ভিত্তি — " যে কেউ তোমাদিগকে স্পর্শ করে, সে আমার চোখের মণি স্পর্শ করে", প্রভু বলেন।
- আমরা যখন তাঁর ওপর ভরসা রাখি, তখন তিনি আমাদের রক্ষা করতে সক্ষম।
- আমরা জেনেশুনে পাপ করে থাকি বা না করে থাকি, ঈশ্বর আমাদের আশ্রয়স্থল কারণ তিনি আমাদের জন্য মারা গেছেন এবং তাঁর রক্ত আমাদের সমস্ত পাপ থেকে পবিত্র করে, আর তাঁর অনুগ্রহ আমাদের জন্য যথেষ্ট।

আমাদের পরিস্থিতি কঠিন কি না সেটা প্রশ্ন নয়। আমাদের যা করতে হবে তা হলো তাঁর কাছে ছুটে আসতে হবে, কারণ তাঁর মধ্যেই আশ্রয়, শক্তি এবং নিরাপত্তা খুঁজে পাই।

তাঁর সান্নিধ্যে আসুন!

প্রভু যীশু খ্রীষ্ট আমাদের এই সুন্দর আমন্ত্রণ জানান:

"...যে আমার কাছে আসিবে, তাহাকে আমি কোন মতে বাহিরে ফেলিয়া দিব না" (যোহন ৬:৩৭) ।

কী এক অপূর্ব আমন্ত্রণ!

আজ আপনি যে অবস্থাতেই থাকুন না কেন, যে যুদ্ধই লড়ুন না কেন, যে ভয়েই ঘেরা থাকুন না কেন, সামনে যে অনিশ্চয়তাই থাকুক না কেন এটি মনে রাখুন:

আমাদের একটি আশ্রয় আছে!

এটি কোনো সাময়িক আশ্রয় নয়।

এটি ধন-সম্পদের ওপর তৈরী কোনো আশ্রয় নয়।

এটি খ্যাতির ওপর তৈরী কোনো আশ্রয় নয়।

এটি ক্ষমতার ওপর তৈরী কোনো আশ্রয় নয়।

এটি প্রতিভার ওপর তৈরী কোনো আশ্রয় নয়।

এটি মানবীয় শক্তির ওপর তৈরী কোনো আশ্রয় নয়।

আর নিশ্চিতভাবেই এটি মিথ্যার ওপর তৈরী কোনো আশ্রয় নয়।

আমাদের প্রভু যীশু খ্রীষ্ট আছেন!

তিনি আমাদের আশ্রয়।

তিনি আমাদের দুর্গ।

তিনি আমাদের শক্তিশালী উচ্চদুর্গ।

তিনি আমাদের কোণার প্রস্তর (মূল ভিত্তি)।

তিনি আমাদের নিশ্চিত ভিত্তি।

আর যেহেতু আমাদের মহান মহাযাজক অনন্তকাল বেঁচে আছেন, তাই আমাদের আশ্রয়ও চিরকালের।

অতএব, প্রিয় ভাই ও বোনেরা, আমরা তাঁর কাছে ছুটে যাই। প্রভু যীশু খ্রীষ্টকে আপনাদের আশ্রয়স্থল হিসেবে গ্রহণ করুন। তাঁকে সম্পূর্ণভাবে বিশ্বাস করুন, তাঁতেই বাস করুন এবং তাঁতেই থাকুন।

আর মনে রাখবেন:

তিনিই আমাদের আশ্রয়স্থল!

Posted at "Egmore RMS Patrika Channel" RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/24-26 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/24-26

OUR BANK DETAILS:

1. Bank : State Bank of India

Branch : **Triplicane, Chennai-5**
Name : **S. Sam Selva Raj**
A/C No. : **1023 2934 679**
IFSC : **SBIN 00 00 249**
SWIFT CODE : **SBI NIN BB 455**

2. Bank : ICICI Bank

Branch : **Anna Salai, Chennai-6**
Name : **Echo of His Call**
A/C No. : **6038 0502 2319**
IFSC : **ICIC 000 6038**

3. Bank : State Bank of India

(This Account is for Tax Exemption for Indians only)

Branch : **Triplicane, Chennai-5**
Name : **Echo of His Call Educational Trust**
A/C No. : **1023 2923 805**
IFSC : **SBIN 00 00 249**

OUR QR CODE:

ECHO OF HIS CALL

Google Pay: 98410 71858
PayPal : SAM SELVA RAJ
*****
E.mail : sam@echoofhiscall.org

আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

বাৎসরিক গ্রাহক মূল্য : ১০০ টাকা **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে (98410 71858), জিপে (98410 71858), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

ECHO OF HIS CALL

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852,
95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.org

YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO

RNI NO. 70104/98
Postal Regn. No. TN/CH/(C)/205/24-26
WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/24-26
Date of Publication: Second week of every month
Date of Posting : 13th & 14th of every month
Posted at "Egmore RMS Patrika Channel"
on 14th NOVEMBER 2026
If un-delivered please return to:
ECHO OF HIS CALL (BENGALI)
P.O. Box No. 2957,
Chepauk, Chennai - 600 005, INDIA.
Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766

JESUS LOVES YOU!

To

GOD BLESS YOU!

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**